
# প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিলেট

সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত "প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিলেটে" বিগত ০৮-০১-২০১২খ্রিঃ তারিখে উদ্বোধনের পর থেকে বিনামূল্যে বিভিন্ন ধরনের সেবা প্রদান করা হচ্ছে এবং এই কেন্দ্রের রয়েছে অসংখ্য সাফল্যগাথা। নিম্নে এরকম কয়েকটি সাফল্যের কথা উল্লেখ করা হলো ঃ



রেজি নং : ২০৯৮ রোগের ধরণ : ডাউন সিনড্রোম
রোগীর নাম : সামিউর রহমান রিয়াদ
পিতার নাম : আলাউদ্দীন
মাতার নাম : তাছলিমা বেগম
ঠিকানা : চাদনী ঘাট, সিলেট
মোবাইল : ০১৭২১-০৪৫৬৮৯

চাঁদনীঘাট সিলেটের বাসিন্দা আলাউদ্দীন ও তাসলিমা বেগমের কনিষ্ট পুত্র সামিউর রহমান রিয়াদ। ২০১১ সালের ৩০ জানুয়ারি রিয়াদের জন্ম। জন্মের পরপর বাবা- মা কেউই বুঝতে পারেনি তাদের আদরের সন্তান আর দশটা শিশুর মতো স্বাভাবিক নয়। ওর বয়স তিনবছর পার হলেও রিয়াদ বসতে, হাটতে এমনকি কথাও বলতে পারতো না। ছেলেকে নিয়ে চরম উৎকন্ঠা ও উদ্বেগ নিয়ে বাবা- মা ছুটতে থাকেন বিভিন্ন চিকিৎসাকেন্দ্রে। একদিন একটি প্রচারণা পত্র হাতে পেয়ে তারা পুত্র রিয়াদকে নিয়ে আসেন প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র,তালতলা, সিলেটে। ০৬ ডিসেম্বর ২০১৫ থেকে ওই কেন্দ্রে শুরু হয় রিয়াদের থেরাপিউটিক চিকিৎসা ও অন্যান্য পরিচর্যা। দেড় বছরের নিয়মিত চিকিৎসায় রিয়াদ এখন হাটতে, বসতে পারছে। কিছু কিছু কথাও ফুটেছে ওর মুখে। কেন্দ্রের কনসালট্যান্ট ডাঃ নীলিমা আহম্মেদ জানিয়েছেন নিয়মিত চিকিৎসা চালিয়ে গেলে রিয়াদ ধীরে ধীরে আরও সুস্থ ও স্বাভাবিক হয়ে উঠবে। ছেলের অবস্থার উন্নতিতে তার স্বাভাবিক জীবন লাভের আশা করছেন বাবা-মা। এজন্য প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের প্রতি কৃতজ্ঞতার কথা জানান তারা।